



স্মারক নং-৩০.০১.০০০০.১৪৩.১১.০০৮.২০- ২১৬

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ  
১৪ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

### বিজ্ঞপ্তি

বিষয়: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভূক্ত "সহকারী শিক্ষক নিয়োগ ২০২০" এর ফলাফল প্রকাশ সংক্রান্ত।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভূক্ত সহকারী শিক্ষক নিয়োগ-২০২০ এর গত ১৮ অক্টোবর ২০২০ তারিখের তারিখের ৩৮.০১.০০০০.১৪৩.১১.০০৮.২০-১৫২ নং স্মারকে জারীকৃত বিজ্ঞাপনের আলোকে গৃহীত লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সর্বমোট ৩৭,৫৭৪ (সাঁইত্রিশ হাজার পাঁচশত চুয়ান্ন) জন প্রার্থীকে সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচনপূর্বক প্রার্থীদের ফলাফল প্রকাশ করা হয়েছে।

- প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসরণপূর্বক উপজেলাভিত্তিক মেধাক্রম অনুযায়ী নিয়োগের জন্য প্রাথমিকভাবে প্রার্থী নির্বাচন করে তালিকা প্রণয়ন করা হয়েছে। এ তালিকা ব্যতীত কোন অপেক্ষমান তালিকা/প্যানেল করা হবে না।
- প্রকাশিত ফলাফলে কোন প্রকার ভুল-ত্রুটি/ত্রুটি-বিচ্যুতি/মুদ্রণজনিত ত্রুটি ইত্যাদি পরিলক্ষিত হলে তা সংশোধন করার বা প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ফলাফল বাতিল করার এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- নির্বাচিত কোন প্রার্থী কোন প্রকার ভুল তথ্য প্রদান করলে কিংবা কোন তথ্য গোপন করেছেন মর্মে প্রতীয়মান/প্রমাণিত হলে কর্তৃপক্ষ তার ফলাফল বা নির্বাচন বাতিল করতে পারবে।
- নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীকে আগামী ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ/প্রত্যয়ন ও ডোপটেস্ট রিপোর্ট সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসে দাখিল করতে হবে। স্বাস্থ্যগত সনদে প্রার্থী কোন দৈহিক বৈকল্যে ভুগছেন কিংবা উল্লিখিত পদে নিয়োগযোগ্য নয় মর্মে উল্লেখ থাকলে তিনি নিয়োগের জন্য বিবেচিত হবেন না।
- নির্বাচিত প্রার্থীগণকে আগামী ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে পরিচিতি প্রতিপাদন ও সকল ডকুমেন্টস যাচাইয়ের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসে সকল মূল সনদ (সকল সনদের মূলকপি, জাতীয় পরিচয়পত্র, ০৩ (তিন কপি) পুলিশ ভেরিফিকেশন ফর্ম (যথাযথভাবে পূরণকৃত), সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ/প্রত্যয়ন এবং ডোপটেস্ট রিপোর্ট ও প্রয়োজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার সনদসহ) স্বশরীরে উপস্থিত হতে হবে।
- নির্বাচিত প্রার্থীগণকে আগামী ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে ৩ সেট পুলিশ ভেরিফিকেশন ফর্ম (যথাযথভাবে পূরণকৃত) জমা দিতে হবে। কোন প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন রিপোর্টে পূর্ব কার্যকলাপ সন্তোষজনক না হলে কিংবা নাশকতা/সন্ত্রাসি/জঙ্গি কার্যক্রমে সংশ্লিষ্ট কিংবা রাষ্ট্র বিরোধী কোন কার্যক্রমে লিপ্ত ছিলেন মর্মে প্রতীয়মান হলে তিনি চাকরিতে অনুপযুক্ত হবেন।
- প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে উপরের ঘ, ঙ, ও চ অনুচ্ছেদে বর্ণিত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ প্রদান, সকল মূল সনদসহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসে উপস্থিত হতে না পারলে এবং পূরণকৃত পুলিশ ভেরিফিকেশন ফর্ম প্রদানে ব্যর্থ হলে পরবর্তীতে তিনি নিয়োগপত্র প্রদানের জন্য বিবেচিত হবেন না।

(মনীয় চাকমা)

(যুগ্মসচিব)

পরিচালক(পলিসি ও অপারেশন)

ফোন: ০২-৫৫০৭৪৯১৮

ই-মেইল: [dirpolicydpe@gmail.com](mailto:dirpolicydpe@gmail.com)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ বিভাগ।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ..... জেলা (তিন পার্বত্য জেলা ব্যতীত)।